নতুন জনপ্রতিনিধি পাবে নবগঠিত শ্যামপুর ইউনিয়নের ভোটার

প্রথম জনপ্রতিনিধির স্বাদ পেতে যাচ্ছে নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের জনগণ। নবগঠিত এই ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামীলীগের নৌকার প্রার্থী বিহীন ভোট হবে প্রথম বছরেই।

নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের নির্বাচনের চেয়ারম্যান, সাধারণ ও সংরক্ষিত নারী সদস্য প্রার্থীরা তাদের প্রচার-প্রচারণা চালিয়েছেন পূর্ণমাত্রাই।

আমঝুপি ইউনিয়ন কে ভেঙে শ্যামপুর ইউনিয়ন করা হয়েছে। স্বাভাবিক কারণে নির্বাচনে নতুন মাত্রা যোগ করেছে এবার।

নবগঠিত শ্যামপুর ইউনিয়নের সাধারণ ভোটারদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা গেছে।

এই শ্যামপুর ইউনিয়নে প্রথম চেয়ারম্যান, মেম্বার এবং সংরক্ষিত মহিলা মেম্বার হওয়ার লক্ষ্যে প্রার্থীরা মরিয়া হয়ে উঠেছেন। তবে কারা এই ইউনিয়নের প্রথম জনপ্রতিনিধি হতে যাচ্ছেন তা দেখতে অপেক্ষা করতে হবে এখন কয়েক ঘন্টা।

শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান পদে ৭ জনপ্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এরা হলেন আক্তার হোসেন (অটোরিকশা), মতিয়ার রহমান (চশমা), খিলাফত আলী (নাঙ্গল), আবুল হাসেম (ঘোড়া), কামরুল হাসান (আনারস), আব্দুল বারী (ঢোল), ও নয়ন হাবিব (মোটরসাইকেল)।

নবগঠিত এই ইউনিয়নে ঝাউবাড়িয়া, দীঘিরপাড়া, রামনগর, গোপালপুর, বসন্তপুর, শ্যামপুর, আলমপুর, মদনাডাঙ্গা, ধুঁষারপাড়া, বেলতলাপাড়া, বেলেগাড়ি গ্রাম নিয়ে এই ইউনিয়ন গঠিত হয়েছে।

নবগঠিত এই ইউনিয়নে মোট ভোটার সংখ্যা ১৭ হাজার ২১৪ জন। এদের মধ্যে পুরুষ ভোটার ৮৬০৬ জন ও নারী ভোটার সংখ্যা ৮৬০৮ জন।

মোট ভোটারের মধ্যে ১ নং ওয়ার্ডে রয়েছে ১ হাজার ৬৩০ জন, ২ নং ওয়ার্ডে ১ হাজার ৯৫৪ জন, ৩ নং ওয়ার্ডে ২ হাজার ২৮৯ জন, ৪ নং ওয়ার্ডে ১ হাজার ৫০১ জন, ৫ নং ওয়ার্ডে ২ হাজার ৬০ জন, ৬ নং ওয়ার্ডে ১ হাজার ৭২৪ জন, ৭ নং ওয়ার্ডে ১ হাজার ৯৭২ জন, ৮ নং

ওয়ার্ডে ১ হাজার ৬৭৯ এবং ৯ নং ওয়ার্ডে ২ হাজার ৪০৫ জন ভোটার রয়েছে।

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়নের মোট ৯ টি কেন্দ্রে ৫৪ টি কক্ষে ভোট গ্রহণ চলবে।

সংরক্ষিত সদস্য পদে ১ নং ওয়ার্ডে আসমা খাতুন (বক), রুপালি খাতুন (তালগাছ), কাকলী খাতুন (জিরাফ), সিমা খাতুন (মাইক), ২ নং ওয়ার্ডে ফজিলা খাতুন(মাইক), মনোয়ারা খাতুন(বক),সোনিয়া আক্তার (তালগাছ), ৩ নং ওয়ার্ডে আরিফা খাতুন (মাইক), নাশেদা আক্তার (বক), নাজমা আক্তার (তালগাছ), ফাহিমা খাতুন (সূর্যমুখী ফুল) ও মাজেদা খাতুন (জিরাফ)।

এছাড়াও শ্যামপুর ইউনিয়নের সাধারণ সদস্য পদে ১ নং ওয়ার্ডে জহুর আলী (তালা), এস এম ইকবাল (ঘুড়ি), আব্বাসউদ্দীন (টিউবওয়েল), সলেমান (মোরগ), চাঁদ আলী (ফুটবল), আলমগীর হোসেন (বৈদ্যুতিক পাখা), ২ নং ওয়ার্ডে রবিউল ইসলাম (মোরগ), আনারুল ইসলাম (তালা), মোয়াজ্জেম হোসেন (ফুটবল), আব্দুল হান্নান (টিউবওয়েল), ৩ নং ওয়ার্ডে আব্দুল আজিজ (মোরগ), শহিদুর রহমান (টিউবওয়েল), একরামুল হক (ফুটবল), ৪নং ওয়ার্ডে তরিকুল ইসলাম (আপেল), শামিম রেজা (মোরগ), সবুজ জোয়ার্দার (বৈদ্যুতিক পাখা), সুজন জোয়ারদার (ঘুড়ি), আব্দুর রাজ্জাক (তালা), তারিকুল ইসলাম (ফুটবল), বাবুল হক (ক্রিকেট ব্যাট), আরিফুল (টিউবওয়েল), ৫ নং ওয়ার্ডে আওলাদ হোসেন (ফুটবল) বদরুদ্দীন (টিউবওয়েল), ৬ নং ওয়ার্ডে রবিউল ইসলাম (ঘুড়ি), মতিয়ার রহমান (মোরগ), আবুল হাশেম (টিউবওয়েল), আব্দুস সালাম (ফুটবল), আবুল কালাম আজাদ (বৈদ্যুতিক ফ্যান), মুজিবুর রহমান (তালা

মেহেরপুরে রক্তদানের মাধ্যমে রক্তদাতা দিবস পালিত

অজানা অচেনা মানুষের জীবন বাঁচাতে নীরবে-নিভৃতে নিজেদের রক্ত দান করে স্বেচ্ছায় রক্তদাতারা যে মহৎ কাজ করছেন তাদের প্রতি কৃতজ্ঞতা

প্রদর্শন ও সাধারণ মানুষকে রক্তদানে আগ্রহী করে তোলাই বিশ্ব রক্তদাতা দিবসের মূল উদ্দেশ্য।

আজ মঙ্গলবার সকাল ১১ টায় একজন ক্যান্সার আক্রান্ত রোগীর জন্য রক্তদানের মাধ্যমে দিবসটির সূচনা করলো “আজকের ভালো কাজ” সংগঠন। রক্তদান করলেন নিয়মিত রক্তদাতা মোঃ রাজন ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন সংগঠনটির সভাপতি আফসানা বিশ্বাস তিথি, সহ-সভাপতি হাসানুজ্জামান, সাধারণ সম্পাদক আল-ইকরাম সোহাগ, যুগ্ম সম্পাদক নাসিমুল জুনায়েদ ও কোষাধক্ষ্য সালেহীন সাহেদ ।

আফসানা বিশ্বাস তিথি বলেন, বিশ্ব রক্তদাতা দিবস আজ । স্বেচ্ছায়, বিনামূল্যে নিজের শরীরের রক্তদান করার মতো অকুতোভয় বীরদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করাই আমাদের মূল উদ্দেশ্য। এথেকে সাধারণ মানুষের মাঝেও যেন অভয় কাজ করে এবং রক্তদানে উৎসাহী হয়। রক্তদাতা রাজন ইসলাম বলেন, রক্তদানের মতো মহৎ কাজে নিজেকে উৎসর্গ করতে পেরে ভালো লাগছে। প্রত্যেক সুস্থ মানুষেরই উচিত নিয়মিত রক্তদান করে অসুস্থ মানুষের পাশে দাঁড়ানো।

“আজকের ভালো কাজ” সংগঠনটি ২০১৬ সাল থেকে মেহেরপুর জেলায় রক্তদান ও বৃক্ষরোপণসহ অন্যান্য সামাজিক কার্যক্রম চালিয়ে আসছে।

রাত পোহালেই আমঝুপি ইউনিয়নে নির্বাচন

রাত পোহালেই সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন।

একটি অবাধ ও সুষ্ঠ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সার্বিক প্রস্তুতি শেষ করেছে নির্বাচন কমিশন। জেলা প্রশাসন ও পুলিশ বিভাগের পক্ষ থেকেও সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।

ভোট কেন্দ্রগুলোতে নির্বাচনী সরঞ্জামসহ অন্যান্য মালামাল পাঠানো হয়েছে। প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার,

পোলিং অফিসার, নিরাপত্তার দায়ীত্বে নিয়োজিত পুলিশ ও আনসার সদস্যদের পাঠানো হয়েছে কেন্দ্রগুলোতে।

মেহেরপুর সদর উপজেলার গৃরৃত্বপূর্ণ এই ইউনিয়নটি এবার দুভাগে বিভক্ত করা হয়েছে। আমঝুপি ইউনিয়ন থেকেই শ্যামপুর নামক আরেকটি নতুন ইউনিয়নের জন্ম হয়েছে এই বছরে। যার ফলে কমেছে ইউনিয়নের আয়তন, ভোটার ও ভোট কেন্দ্রের সংখ্যা।

আমঝুপি ইউনিয়নে এবার চেয়ারম্যান পদে মুল ফ্যাক্ট আন্তর্জাতিক সুপার মডেল আসিফ আজিম (আনারস মার্কা)এছাড়া ইউনিয়নটিতে হেভিওয়েট প্রার্থী রয়েছেন সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও বর্তমান চেয়ারম্যান বোরহার উদ্দীন চুন্নু (নৌকা মার্কা)

চেয়ারম্যান পদে অন্যান্য প্রার্থীদের মধ্যে রয়েছেন, সতন্ত্র প্রার্থী সাইফুল ইসলাম (চশমা), ও শফিকুল ইসলাম (ঘোড়া মার্কা)।

আমঝুপি ইউনিয়নে মোট ভোটার ২৮ হাজার ৪০৯ জন। এদের মধ্যে পুরুষ ভোটার ১৪ হাজার ২৩০ জন এবং মহিলা ভোটার ১৪ হাজার ১৭৯ জন। এ ইউনিয়নে ১৫ টি ভোট কেন্দ্রে ৮৯ টি কক্ষে ভোট গ্রহণ গ্রহণ করা হবে।

ইউনিয়নে সাধারণ সদস্য (মেম্বর) পদের ১ নং ওয়ার্ডের আব্দুল মোমিন (ঘুড়ি), কদর আলী (মোরগ), আমিনুদ্দীন (টিউবওয়েল), জামিরুল শেখ (আপেল) মনিরুজ্জামান (লাটিম), আকবর আলী (ভ্যানগাড়ি), আব্দুর রশিদ খান (তালা), তরিকুল ইসলাম (ফুটবল), হাফিজুর রহমান (বৈদ্যতিক পাখা), ২ নং ওয়ার্ডে আরিফ হোসেন (মোরগ), শাহাবুদ্দীন (ফুটবল), ৩ নং ওয়ার্ডে হাবিবুর রহমান (তালা), সিরাজুল ইসলাম (ফুটবল), আরিফুল ইসলাম (টিউবওয়েল), রাফিউল ইসলাম (মোরগ), ৪ নং ওয়ার্ডে মাহাবুল হক (ভ্যানগাড়ি), সাদ আহম্মেদ (মোরগ), মিনারুল ইসলাম (বৈদ্যতিক পাখা), জিয়াউর রহমান ঘিুড়ি), মকবুল হোসেন (পানির পাম্প), আনিসুর রহমান (ফুটবল) সাজিবুর রহমান (টিউবওয়েল)আলফাজ উদ্দীন (তালা), মফিজুর রহমান (লাটিম), ৫ নং ওয়ার্ডের জাহাঙ্গীর আলম (টিউবওয়েল), সাখাওয়াত হোসেন (ফুটবল), আবুল কাশেম (মোরগ), ৬ নং ওয়ার্ডের আতিয়ার রহমান (বৈদ্যতিক পাখা), আরশাদ আলী (টিউবেওয়েল), সুমন রেজা (ফুটবল), তৌফিকুল ইসলাম (তালা), ৭ নং ওয়ার্ডের আসাদুজ্জামান (ফুটবল), শরিফুল ইসলাম (টর্চলাইট), আব্দুল্লাহ (মোরগ), জাব্বারুল ইসলাম (বৈদ্যতিক পাখা), শাহ আলম (তালা), তারিকুল ইসলাম (ঘুড়ি), মাসুদুর রহমান (টিউবওয়েল), ৮ নং

ওয়ার্ডের আব্দুল মজিদ (মোরগ), জিয়াউর রহমান (তালা), মশিউর রহমান (ফুটবল), আবুল কাশেম (টিউেওয়েল), ৯ নং ওয়ার্ডের আলেক চাঁদ (আপেল), মনিরুলইসলাম (মোরগ), সমজান আলী (ফুটবল), আসাদুল হক (তালা) ও তোফাজ্জেল হক টিউবওয়েল)।

আগামীকাল মেহেরপুর পৌরসভার সাধারণ নির্বাচন ,সব প্রস্তুতি শেষ

নির্বাচন কমিশনের পক্ষ থেকে নির্বাচন গ্রহণের সব প্রস্তুতি শেষ। কাল অনুষ্ঠিত হতে যাচ্ছে মেহেরপুর পৌরসভা সাধারণ নির্বাচন।

মেহেরপুর পৌরসভায় অনুষ্ঠিত বিগত নির্বাচনে বিক্ষিপ্তভাবে দু একটি কেন্দ্রে ইভিএম ভোট গ্রহণ হলেও প্রথমবারের মতো মেহেরপুর পৌরসভায় সবগুলো কেন্দ্রে ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) এ ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

ইতিমধ্যে একটি অবাধ ও সুষ্ঠ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সার্বিক প্রস্তুতি শেষ করেছে নির্বাচন কমিশন। জেলা প্রশাসন ও পুলিশ বিভাগের পক্ষ থেকেও সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। আজ দুপুরের দিকে মেহেরপুর সরকারী কলেজ মাঠ থেকে প্রতিটি ভোট কেন্দ্র নির্বাচনী সরঞ্জামসহ অন্যান্য মালামাল পৌছে পাঠানো হয়েছে। কেন্দ্রগুলোতে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার, নিরাপত্তার দায়ীত্বে নিয়োজিত পুলিশ ও আনসার সদস্যদের পাঠানো হয়েছে।

এদিকে গতকাল সোমবার মধ্যরাত পর্যন্ত চলে ভোটারদের কাছে গিয়ে প্রতিশ্রুতি আর পাশে থাকার আশ্বাস দেওয়া, মিছিল-মাইকিংয়ের কর্মসূচি। শেষ মুহূর্তে নির্ঘুম রাত কেটেছে প্রার্থীদের। ভোটের আশায় প্রার্থীরা ছুটছেন ভোটারদের দ্বারে দ্বারে।

গতকাল মধ্যরাত পর্যন্ত ব্যস্ততায় দম ফেলার ফুসরত ছিল না প্রার্থী

এবং কর্মী-সমর্থকদের।

গত মাসের ২৭ মে প্রার্থীদের প্রতীক বরাদ্দের মধ্য দিয়ে শুরু হয় নির্বাচনী প্রচার-প্রচারনা।কমিশনরে বেঁধে দেওয়া সময় অনুযায়ী, গতকাল মধ্যরাতে প্রচারনা শেষ করেন প্রার্থীরা।

মেহেরপুর পৌরসভার ৯ টি ওয়ার্ডে মোট ভোটার সংখ্যা ৩৪ হাজার ৭৮৪ জন। এদের মধ্যে নারী ভোটার সংখ্যা ১৮ হাজার ১৫ ও পুরুষ ভোটার সংখ্যা ১৬ হাজার ৭৬৯ জন। পৌরসভায় ১ হাজার ২৪৬ জন নারী ভোটার বেশী পুরুষের তুলনায়।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ আবু আনছার জানান, এরই মধ্যে সার্বিক প্রস্ততি শেষ হয়েছে। আশা করছি একটি অবাধ ও সুষ্ঠ নির্বাচন অনুষ্ঠিত হবে। সব ঠিকঠাক থাকলে কাল সকাল থেকে ভোটাররা কেন্দ্রে গিয়ে ভয়ভীতির উর্দ্ধে থেকে পছন্দের প্রার্থীদের ভোট দিবে।

মেহেরপুর পৌরসভায় মেয়র পদে আওয়ামীলীগের মনোনীত প্রার্থী মাহফুজুর রহমান রিটন (নৌকা) এবং স্বতন্ত্র প্রার্থী মোতাচ্ছিম বিল্লাহ মতু (নারিকেল গাছ) প্রতীকে প্রতিদ্বন্দ্বীতা করছেন।এছাড়া ১ নং ওয়ার্ডে মোয়াজ্জেম হোসেন (টেবিল ল্যাম্প) মীর জাহাঙ্গীর আলম (পানির বোতল) গোলাম ফারুক (পাঞ্জাবী), রাজীব আহম্মেদ (ডালিম), রাশেদুজ্জামান (উটপাখি) ২ নং ওয়ার্ডে সঞ্জয় কুমার শাহ (উটপাখি), আল মামুন (টেবিল ল্যাম্প), তপন কুমার (পাঞ্জাবী), ওয়াসিম খান (ব্লাকবোর্ড), শফিকুল ইসলাম (ডালিম), ইয়াসিন আলী শামীম হোসেন (পানির বোতল), তিন নং ওয়ার্ড ইনছান আলী (টেবিল ল্যাম্প), শাকিল রাব্বী ইভান (ডালিম), সৈয়দ আবু আব্দুল্লাহ (পানির বোতল), জাহাঙ্গীর আলম (উটপাখি), ৪ নং ওয়ার্ড আব্দুর রহিম (পানির বোতল), নুরুল ইসলাম (ডালিম), রিয়াজ উদ্দীন (উটপাখি) ৫ নং ওয়ার্ড হাসেম আলী (উটপাখি), এসএম আবুল হাসনাত (পানির বোতল), শরিফুল ইসলাম (টেবিল ল্যাম্প), আক্তারুল ইসলাম (পাঞ্জাবী), মোস্তাক আহম্মেদ (ব্রীজ), ৬ নং ওয়ার্ড সৈয়দ মুঞ্জুরুল হাসান (পানির বোতল), শামীম রেজা (টেবিল ল্যাম্প), বোরহানুল ◌াাযীম (উটপাখি), শাহিনুর রহমান (পাঞ্জাবী), ৭ নং ওয়ার্ডে এসএম ফিরোজুর রহমান (পাঞ্জাবী), নুরুল আশরাফ রাজীব (উটপাখি),মনিরুল ইসলাম (পানির বোতল), ইলিয়াস হোসেন (গাজর), তারিকুল ইসলাম (টেবিল ল্যাম্প) ৮ নং ওয়ার্ড খন্দকার শফিউল কবীর (পাঞ্জাবী), সৈয়দ মুঞ্জুরুল কবীর (ডালিম), একে শাকিল আহম্মেদ (পানির বোতল),

আব্দুস সাত্তার (ব্রীজ), সাখাওয়াত হোসেন (টেবিল ল্যাম্প), মতিয়ার রহমান (গাজর), নাজমুল হাসান (ব্লাকবোর্ড), রিন্টু রহমান (উটপাখি), ৯ নং ওয়ার্ড সোহেল রানা ডলার (পানির বোতল),মোহাম্মদ বিন কাশেম (উটপাখি), আমিরুল ইসলাম (টেবিল ল্যাম্প)এছাড়া সংরক্ষিত নারী কাউন্সিলর পদে ১ নং ওয়ার্ড ইতি বেগম (বলপেন), আল্পনা খাতুন (জবা ফুল), দিল আফরোজ (চশমা),মনোয়ারা খাতুন (আনারশ), ২ নং ওয়ার্ড শিউলী আক্তার (জবা ফুল), ফিরোজা খাতুন (চশমা), মোমেনা বেগম (আঙটি), বিলকিস খাতুন (আনারস) পলি খাতুন (অটোরিকসা), আফরোজা আক্তার (টেলিফোন), শারমীন আক্তার (বলপেন) খাদিজা বেগম (দ্বিতল বাস), ৩ নং ওয়ার্ড সীমা চৌধুরী (জবা ফুল), হামিদা খাতুন (চশমা), রোকসানা (আনারস)প্রতিকে ভোট করছেন।

মেহেরপুর পৌরসভায় মোট ২০ টি ভোট কেন্দ্রে ১২২ টি কক্ষে ভোট গ্রহণ চলবে।

১ নং ওয়ার্ডে ভোট কেন্দ্র মিশন প্রাথমিক বিদ্যালয়, ভোটার সংখ্যা ১৩৩০ জন, গ্লোরিয়াস প্রি ক্যাডেট একাডেমী ভোট কেন্দ্র, ভোট সংখ্যা ২০১৮ জন ও নতুনপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে মোট ভোটার ১৬৮১ জন।, ২ নং ওয়ার্ডে সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় দক্ষিণ ভবন ভোট কেন্দ্রে ভোট সংখ্যা ১৮৮৯ জন, সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় উত্তর পশ্চিম ভবন ভোট কেন্দ্রে ভোটার সংখ্যা ১৮৪৪ জন।, ৩ নং ওয়ার্ডে তাঁতীপাড়া মহিলা দাখিল মাদ্রাসা দক্ষিণ ভবন ভোট কেন্দ্রে ভোটার সংখ্যা ১৪৩৮ জন, তাঁতীপাড়া মহিলা দাখিল মাদ্রাসা উত্তর ভবন ভোট কেন্দ্রে ভোটার সংখ্যা ১৫২৮ জন, ৪ নং ওয়ার্ড শেখপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে মোট ভোটার সংখ্যা ১৫৮৪ জন, সহি উদ্দীন ডিগ্রী কলেজ ভোট কেন্দ্রে মোট ভোটার সংখ্যা ২১১১ জন, কালাচাঁদপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে মোট ভোটার সংখ্যা ১৪৩০ জন। ৫ নং ওয়ার্ডে হোলি পাবলিক প্রি ক্যাডেট এন্ড জুনিয়র হাইস্কুল ভোট কেন্দ্রে মোট ভোটার সংখ্যা ১১৮২ জন, দীঘিরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে মোট ভোটার সংখ্যা ২২১৯ জন, ৬ নং ওয়ার্ড বড়বাজার সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে মোট ভোটার সংখ্যা ১৬৪২ জন, পৌর সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে মোট ভোটার সংথ্যা ১২২২ জন। ৭ নং ওয়ার্ড, সরকারী উচ্চ বালক বিদ্যালয় ভোট কেন্দ্রে (পশ্চিম ভবন) মোট ভোটার ২৪৬৭ জন, সরকারী উচ্চ বালক বিদ্যালয় পূর্ব ভবন ভোট কেন্দ্রে ভোট সংখ্যা

২৬৪৫ জন, ৮ নং ওয়ার্ড মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ভোট কেন্দ্র নতুন ভবন, ভোটার সংখ্যা ১৪৫৯ জন, একই কেন্দ্রের পুরাতন ভবন ভোট কেন্দ্রে মোট ভোটার ১৫৯৩ জন, ৯ নং ওয়ার্ড মেহেরপুর দারুল উলুম আহমাদীয় ফাজিল মাদ্রাসা এক নং ভোট কেন্দ্রে মোট ভোটার ১৭৭৬ জন ও একই কেন্দ্রের ভোটার সংখ্যা ১৯২৬ জন।

তিনটি ওয়ার্ডের সংরক্ষিত নারী কাউন্সিলর ভোট ১ নং ওয়ার্ডে ভোটার সংখ্যা ১১৫২৮ জন, ২ নং ওয়ার্ডে ১১৩৯০ জন ও ৩ নং ওয়ার্ডে ১১৮৬৬ জন।

মেহেরপুর পৌরসভা ও ৪ টি ইউনিয়নে ভোট কেন্দ্রে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর

আগামীকাল ১৫ জুন মেহেরপুর পৌরসভা ও ৪ টি ইউনিয়ন পরিষদ নির্বাচনের নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন।

আগামীকাল বুধবার মেহেরপুর পৌরসভা, বারাদি, পিরোজপুর, আমঝুপি ও শ্যামপুর ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে।

আজ মঙ্গলবার সকাল থেকেই নির্বাচন উপলক্ষে নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন। মেহেরপুর সরকারী কলেজ মাঠ থেকে নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ আবু আনছার ও রিটার্নিং অফিসার তারেক আহাম্মেদ এসব সরঞ্জাম বিতরণ করেন।

নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ আবু আনছার জানান, মেহেরপুর পৌরসভা ও চারটি ইউনিয়ন পরিষদের নির্বাচনে আমাদের সকল প্রস্তুতি সম্পন্ন। ইতিমধ্যে আমাদের নির্বাচনী মালামাল বিতরণ শুরু হয়েছে। ৬৩ টা কেন্দ্রে মালামাল পৌঁছে যাবে দুপুরের মধ্যেই। আমরা আশাবাদী একটি সুষ্ঠু ও সুন্দর নির্বাচন অনুষ্ঠিত হবে। মানুষ স্বতঃস্ফূর্তভাবে

নির্বাচনে অংশগ্রহণ করবে এই আশা আমাদের রয়েছে।

প্রশাসনিক কর্মরতরা জানান, নির্বাচনকে একটি উৎসব মুখর পরিবেশ তৈরী করতে সব ধরনের নিরাপত্তা বলয় তৈরী করা হয়েছে।

মুজিবনগরে প্রাণিসম্পদ প্রদর্শনীর উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠিত

“বাড়াবো প্রাণিজ আমিষ গড়বো দেশ, স্বাস্থ্য মেধা সমৃদ্ধির বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে প্রাণিসম্পদ প্রদর্শনীর -২০২২ উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের, প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আয়োজনে এবং মুজিবনগর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল এর বাস্তবায়নে, মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার সময় উপজেলার রামনগর খেলার মাঠে আয়োজিত প্রাণিসম্পদ প্রদর্শনী, উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকার প্রধান অতিথি হিসাবে ফিতা কেটে উদ্বোধন করেন।

পরে প্রদর্শনীর প্রাঙ্গণে আলোচনা সভার আয়োজন করা হয়, মুজিবনগর প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা:তানিয়া আক্তার এর সঞ্চালনায় আলোচনা সভায়, উপস্হিত থেকে বক্তব্য রাখেন,নির্বাহী অফিসার সুজন সরকার, উপজেলা কৃষি অফিসার আনিছুজ্জামান খান, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ,উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অধ্যাপক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবুর রহমান মধু, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, বিশিষ্ট উদ্যোক্তা ও সমাজসেবক হাসানুজ্জামান লালটু।

প্রাণিসম্পদ প্রদর্শনীতে ২০ টি গরুর,১০টি ছাগলের,১০টি ভেড়ার এবং ১০টি বিভিন্ন প্রাণিসহ মোট ৫০টি ষ্টল স্থাপন করা হয়।

পরে দুপুরে পানিসম্পদ প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে মেহেরপুর জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাইদুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীতে গাভি পালন,ষাড় পালন,ছাগল পালন,ভেড়া পালন এবং অন্যান্য ক্যাটাগরিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী খামারিদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, মেহেরপুর সদর উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা রহমতউল্লাহ, গান্ধী প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাক্তার সালাউদ্দিন আহমেদ, উপসহকারী প্রাণী সম্প্রসারণ কর্মকর্তা জয়নাল আবেদীন,মুজিবনগর উপজেলা প্রাণিসম্পদ অফিসের এল এফ এ মিঠুন আলী, এল এফ এ হাবিবুর রহমানসহ অফিসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।পুরস্কার ও সনদ বিতরণ শেষে মেহেরপুর জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাইদুর রহমান পানিসম্পদ প্রদর্শনীর সমাপনী ঘোষণা করেন।

হানিফ উদ্দীনের বারী-৮ উফশী মসুর বীজ সাড়া জাগাচ্ছে

একজন সফল কৃষক ও বীজ উদ্যোক্তা গাংনীর হাড়াভাঙ্গা গ্রামের মো: হানিফ উদ্দীন। তিনি নিবীড় পরশে উৎপাদন করছেন বারী ৮ উফশী জাতের মসুর বীজ।

হানিফ উদ্দীনের উৎপাদিত বারী ৮ উফশী জাতের মসুর বীজ এলাকার চাষীদের মাঝে বেশ সাড়া জাগিয়েছে। মো: হানিফ উদ্দীন এলাকার একজন সফল কৃষক। তিনি কলা, গম, ভূট্টা, ধানসহ অন্যান্য চাষ করেন। এরপর শুরু করেছেন মসুর বীজ উৎপাদন ও বিপণন। এখন তিনি মসুর বীজ উৎপাদন ও প্যাকেটজাত করে তা বাজারজাত করছেন। তাঁর উৎপাদিত এ বীজ গাংনী উপজেলার গন্ডি ছাড়িয়ে পাশের জেলা ও উপজেলায় ছড়িয়ে পড়েছে। এখন প্রতিবছর শুধু ২২ মেট্রিক টন মসুর বীজই উৎপাদন ও বাজারজাত করছেন হানিফ।

হানিফ উদ্দীনের সাথে কথা হয় মেহেরপুর প্রতিদিনের। তিনি বলেন, আমি কৃষকের সন্তান। ছোট বেলা থেকেই আমি কৃষি কাজকে পেশা হিসেবে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলাম । প্রথম থেকেই আমি ধান, গম, ভূট্টা, কলাসহ অন্যান্য চাষের প্রতি ঝুঁকে পড়ি। চাষ করতে গিয়ে ভালো বীজের সংকট দেখতে পাই। বাজারে ভালো বীজের সংকট দেখে হানিফ উদ্দীনের মাথায় প্রশ্ন জাগে, সরকার ও বিভিন্ন কোম্পানি যে বীজ বিক্রি করে, তা কোথা থেকে আসে।

প্রায় ১৫ বছর আগে কৃষি অফিসের আইপিএম প্রশিক্ষণের মাধ্যমে বীজ উৎপাদনের আইডিয়া পাই। এরপর ১০ বছর যাবৎ বিভিন্ন বীজের উৎপাদন শুরু করি ২০১৭ সাল থেকে বাণিজ্যিকভাবে বীজ উৎপাদনের কথা চিন্তা করি। যেই চিন্তা, সেই কাজ। শুরু করি মসুরী বীজ উৎপাদন। প্রথমবারই ভালো বীজ উৎপাদন করি। দেখি বাজারে বীজের চাহিদা ও দাম দুটোই ভাল। প্রথমবারেই লাভ হয় ।
গাংনী উপজেলা কৃষি অফিস ও স্থানীয় উপসহকারী কৃষি অফিসারের কাছে জানতে পারেন কীভাবে মানসম্পন্ন বীজ উৎপাদন করা যায়, কীভাবে বীজ উৎপাদনের লাইসেন্স পাওয়া যায়, সেসব বিষয়। এরপর নিজের অভিজ্ঞতা ও কৃষি বিভাগের পরামর্শে শুরু করেন বীজ উৎপাদন।

হানিফ উদ্দীন বলেন, ‘বীজ উৎপাদনের পর তা আমার নিজের বাড়িতে রেখে স্থানীয় কৃষকদের মাঝে বিক্রি শুরু করি। কৃষকও তাঁর বীজ ব্যবহার করে ভালো ফলন পেতে শুরু করেন।’

গাংনী উপজেলার করমদী গ্রামের ফরিদ হোসেন হানিফ উদ্দীনের প্যাকেটজাত বীজ কিনে প্রথম মসুর চাষ করেন। তিনি বলেন এই বীজ গুণগত মানে অতুলনীয়। শতকরা ৮০ ভাগের বেশী বীজ অঙ্কুরিত হয়। এছাড়া ফলনও ভাল।তিনি বলেন, এখন আমার এলাকার কৃষক মতিয়ার রহমান, ডালিম হোসেনসহ ৭/৮ জন কৃষক হানিফ উদ্দীনের বীজ কিনে জমিতে বুনছেন।

হানিফ উদ্দীনের নিজ গ্রামের কৃষক আবু সালেহ বলেন, ‘তার কাছ থেকে বীজ নিয়ে কখনো ঠকিনি। তিনি বলেন, আমরা তাকে সব সময় কাছে পাই। বিভিন্ন পরামর্শ দিয়ে সে আমাদের সহায়তা করে। কিছু বাকিতেও বীজ-কীটনাশক কেনা যায়।’

জোড়পুকুরিয়া গ্রামের কৃষক আবুল কালাম আজাদ জানান, হানিফ উদ্দীনের বীজের গুনগত মান অত্যন্ত ভাল। এখন এলাকার মানুষের কাছে তার বীজের সুনাম ছড়িয়ে পড়েছে। সবাই তার বীজ খুঁজছেন।

বামন্দীর বীজের ব্যবসায়ী মনিরুল ইসলাম জানান, আমি বিভিন্ন

কোম্পানীর বিভিন্ন ফসলের বীজ বিক্রি করে থাকি।কয়েক বছর যাবৎ হানিফ উদ্দীনের মসুর বীজ বিক্রি করছি। এই বীজটির মান ভাল হওয়ায় মসুরী চাষীদের মাঝে এখন চাজহদা বাড়ছে। কৃষকদের মাঝে মসুর বীজের সুনাম এখন ছড়িয়ে পড়েছে আশপাশের এলাকায়ও।

বর্তমানে হানিফ উদ্দীন নিজেই গড়ে তুলেছেন বীজ প্রক্রিয়াকরণ কেন্দ্র। সরকারীভাবে দেওয়া প্যাকেট জাত বীজ বিক্রি করেন সে। তাই এখন আর তাঁর উৎপাদিত বীজ অন্য কোনো প্রক্রিয়াকরণ কেন্দ্রে নিতে হচ্ছে না। চলতি মৌসুমে বারী ২৮ উফশী জাতের মসুর বীজ ২২ মন ভিত্তি বীজ তিনি বিপণন করেছেন।

হাড়াভাঙ্গা ব্লকের উপসহকারী কমিউনিটি কৃষি অফিসার মফিউল ইসলাম ডিকেন বলেন, কৃষক হানিফ উদ্দীন খুব ভাল মানের চাষী ও বীজ উদ্যোক্তা। যে কোনো বিষয়েই তিনি কৃষি অফিসের স্বরণাপন্ন হন তিনি।

গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা মোছা. লাভলী খাতুন বলেন, মোঃ হানিফ উদ্দিন এ উপজেলার কাজিপুর ইউনিয়নের হাড়াভাঙ্গা ব্লকের গ্রামের একজন পরিশ্রমী ও সফল এসএমই কৃষক। তিনি দীর্ঘদিন ধরে হাড়াভাঙ্গা ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ রেখে চলেছেন। তিনি সবসময় নতুনজাত চাষে ও প্রযুক্তি গ্রহণে আগ্রহ প্রকাশ করেন। কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন,সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় প্রাপ্ত বারি মসুর- ১৭ একটি প্রদর্শনী স্থাপন করেন। বর্তমানে হানিফ উদ্দীন একজন সফল কৃষকের পাশাপাশি সফল উদ্যোক্তাও। ব্যক্তি উদ্যোগে কৃষক পর্যায়ে উন্নত মানের বীজ উৎপাদনের তেমন নজির এখানে নেই। অথচ হানিফ উদ্দীন বীজ উৎপাদনের পাশাপাশি নিজের উদ্যোগে বীজ প্রক্রিয়াকরণ কেন্দ্রও তৈরি করেছেন। কৃষক থেকে বীজ উদ্যোক্তা হয়ে ওঠার এ নজির সত্যিই অনন্য।

রাজনৈতিক ব্যক্তিত্ব খুব সহজেই

আল্লাহপাকের সন্তুষ্টি অর্জন করতে পারে.. নিখিল

বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মোঃ মাঈনুল হোসেন খাঁন নিখিল বলেছেন, রাজনৈতিক ব্যক্তিত্ব খুব সহজেই আল্লাহপাকের সন্তুষ্টি অর্জন করতে পারে।

কারণ অসহায় মানুষ, খেটে খাওয়া মানুষ, বিপদগ্রস্থ মানুষ ছুটে আসে রাজনৈতিক নেতাদের কাছে। সেই রাজনৈতিক নেতা যদি সেই সময় অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে যদি তার কল্যাণে কাজ করে তাহলে সে আল্লাহপাকের সন্তুষ্টি অর্জন করল। আর যিনি ওই মানুষটির সুযোগ গ্রহণ করলেন তিনি জাহান্নামী হয়ে গেলেন।

মেহেরপুর জেলা যুবলীগের আয়োজনে সোমবার বিকেলে কাথুলি বাসস্ট্যান্ড চত্বরে ১৫ ই জুন পৌর নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত নৌকার মেয়র প্রার্থী মাহফুজুর রহমান রিটনের বিজয় নিশ্চিত করতে কেন্দ্রীয় যুবলীগের নির্বাচনী কর্মীসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি আরও বলেন, আজকের এই সমাবেশে আপনাদের এই উপস্থিতি জানান দেয় মাহফুজুর রহমান রিটন একটি সৎ ও নিষ্ঠাবান ছেলে। রিটন খারাপ পথে ছিলো না। রিটন মানুষের কল্যাণে কাজ করে গেছে। মাননীয় প্রধানমন্ত্রী অতি আস্থা নিয়ে আপনাদের কাছে দ্বিতীয়বারের মতো মাহফুজুর রহমান রিটনকে পাঠিয়েছেন।

আমি বিশ্বাস করি আমি আওয়াজ শুনেছি রিকশাচালক, ভ্যান চালক, দিনমজুর, স্কুলের ছাত্র-ছাত্রী সকলের কাছে। তারা এক বাক্যে বলেছে রিটন ভালো ছেলে।

করোনা মহামারীর সময় যখন আপন সন্তান পাশে নেই, আত্মীয় স্বজন যখন পাশে নেই, ঠিক সেই সময়ে খাবার প্রয়োজনে খাবার নিয়ে, অক্সিজেনের প্রয়োজনে অক্সিজেন নিয়ে ছুটে গিয়েছেন এই মাহফুজুর রহমান রিটন।

তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আপনাদের জন্য একটি চারা গাছ পাঠিয়েছে। এই রিটন নামের চারা গাছটি আজ থেকে পাঁচ বছর আগেও আপনাদের মাঝে পাঠিয়েছিলো নৌকা প্রতীক দিয়ে। যেটি আস্তে আস্তে বড় হবে, পাতা বাড়বে, ডালপালা বাড়বে এবং মেহেরপুরের সকলকে ছায়া

প্রদান করবে। প্রধানমন্ত্রী খুব আস্থা নিয়ে এবং বিশ্বাস করে এই পবিত্র মেহেরপুরের মাটিতে রিটনকে পাঠিয়েছে।

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানের সভাপতিত্বে কর্মীসভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক এ্যাড. ড. শামীম আল সাইফুল সোহাগ। সম্মানিত অতিথি ছিলেন, বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির প্রেসিডিয়াম সদস্য মোঃ নবী নেওয়াজ, মোঃ আনোয়ার হোসেন।

বিশেষ অতিথি বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির কার্যনির্বাহী সদস্য মোঃ মোস্তাফিজুর রহমান মাসুদ, ইঞ্জিনিয়ার মোক্তার হোসেন চৌধুরী কামাল, মোঃ তারিক আল মামুন, সদস্য এম জাহাঙ্গীর আলম, জেমস স্বপন মল্লিক, মোঃ জাকিরুল ইসলাম, জুবায়ের আহমেদ সাব্বির, বেলাল হোসেন, হুমায়ুন সুলতান, আব্দুল্লাহ রানা, মাগুরা জেলা আওয়ামী লীগের আহবায়ক ফজলুর রহমান, চুয়াডাঙ্গা আওয়ামী যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দার, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাড. খ.ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল সহ জেলা যুবলীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

গাংনীর তেঁতুলবাড়িয়া ইউনিয়ন গণগবেষণা কেন্দ্রের দিনব্যাপি কর্মশালা

গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পর্যায়ে দিনব্যাপি গণগবেষণা কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে দি হাঙ্গার প্রজেক্ট এর গাংনী এরিয়া অফিসের সহযোগীতায় স্থানীয় স্বেচ্ছাসেবকবৃন্দ তেঁতুলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় হলরুমে এ কর্মশালার আয়োজন করে।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর প্রশিক্ষক সোহেল রানা কর্মশালাটি পরিচালনা করেন। এসময় তাকে সহযোগীতা করেন দি হাঙ্গার

প্রজেক্ট এর গাংনী এরিয়া অফিসের সমন্বয়ক হেলাল উদ্দীন।

তেঁতুলবাড়িয়া ইউনিয়নের ৫ টি সমিতির ২৫ জন সদস্য এই কর্মশালায় অংশ নেন। কর্মশালায় গণগবেষণা সমিতির বিভিন্ন বিষয় ও নিয়ম কানুন নিয়েও বিস্তারিত আলোচনা করা হয়।

আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মইনুদ্দিনের ইন্তেকাল

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (কম্পিউটার) মইনুদ্দিন ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ সোমবার বিকাল সাড়ে ৫টার সময় মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তিনি দীর্ঘদিন ধরে দুরারোগ্য ভুগছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, তিন ছেলেসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন। তিনি আমঝুপি মিরপাড়ার বাসিন্দা ছিলেন।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, রাত সাড়ে ১০টার সময় মিরপাড়ার পারিবারিক কবরস্থান সংলগ্ন স্থানে জানাযা শেষে ওই কবরস্থানে দাফন করা হবে।